গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৪০ তারিখ: ২২/০৯/২০২০খ্রি:

**বিষয়: শিক্ষা কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আকস্মিক পরিদর্শন**

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকার কারণে মাঠ পর্যায়ের কোন-কোন কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সব শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যালয়সমূহে নিয়মিতভাবে পরিদর্শনের প্রয়োজন অনুভব করছেন না। কিন্তু এটা সর্বজনবিদিত যে, সরকারের সঠিক ও সময়োচিত উদ্যোগের ফলে আমাদের শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও শিক্ষা কর্মকর্তাগণ অত্যন্ত প্রশংসনীয়ভাবে টিভি ও অনলাইন ক্লাসে দ্রুত অভ্যস্থ ও দক্ষ হয়ে উঠছেন। ডিজিটাল লিটারেসির এই উত্তরণ যেন আরও ত্বরান্বিত হয় সে কারণে নতুনভাবে এবং নতুন উদ্যমে নিয়মিতভাবে শিক্ষা কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আকস্মিক পরিদর্শন করা অত্যাবশ্যক। অঞ্চলসমূহে পরিচালক ও উপ-পরিচালক এর নেতৃত্বে নিয়মিত সভা (মাসে ১বার), প্রতিষ্ঠান প্রধান কর্তৃক তাঁর সহকর্মীদের নিয়ে সভা (মাসে ২বার), প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অভিভাবকদের সাথে মতবিনিময় সভা (২মাসে ১বার) ইত্যাদি যথারীতি অনুষ্ঠিত হচ্ছে কিনা এবং বিভিন্ন প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস গ্রহণের ধরণ, বিভিন্ন বিষয়ে গৃহীত মোট ক্লাসের সংখ্যা এই বিষয়গুলোকে অন্তর্ভূক্ত করে নতুন স্বাভাবিক পরিস্থিতি বিবেচনায় এনে পূর্বের মনিটরিং তথ্য ছকে কিছুটা পরিবর্তন করা হয়েছে।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যালয়সমূহ সংযুক্ত ছক অনুযায়ী নিয়মিতভাবে আকস্মিক পরিদর্শনপূর্বক সফট কপি director_mew_dshe@yahoo.com এ তথ্য পাঠানোর জন্য বলা হলো।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অঞ্চল/জেলা/উপজেলা/থানা'র শিক্ষা কর্মকর্তা তাঁর প্রমাপ অনুসারে সমন্বিত মনিটরিং পরিকল্পনার আওতায় বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা অফিসসমূহ নিয়মিত সংযুক্ত ছক অনুযায়ী আকস্মিক পরিদর্শনপূর্বক বর্ণিত ঠিকানায় তথ্য পাঠানোর জন্যও নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।
সংযুক্ত: মনিটরিং তথ্য ছক (২টি)

**(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)**
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

১. আঞ্চলিক পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.১৪০ তারিখ: ২২/০৯/২০২০খ্রি:

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [পত্রটি (সংযুক্ত ছকসহ) মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি ও বেসরকারি)
৭। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৮। সংরক্ষণ নথি।

22.09.2020
**(প্রফেসর মো: আমির হোসেন)**
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ফোন: **৯৫৫৫১৩০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
শিক্ষা ভবন, ঢাকা

## করোনাকালীন পরিদর্শন তথ্য ছক

## শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

| ক্রম | পরিদর্শন সংক্রান্ত বিষয়বস্তু | | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও EIIN নম্বর | : | |
| ২ | প্রতিষ্ঠান প্রধানের নাম, পদবী, মুঠোফোন নম্বর ও ই-মেইল আইডি | : | |
| ৩ | প্রতিষ্ঠানের মোট শিক্ষক ও কর্মচারীর সংখ্যা | : | |
| ৪ | নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন ও সময়মতো নামানো হয় কি/না | : | |
| ৫ | সংসদ টিভির সাথে সমন্বয় করে রুটিন অনুযায়ী অনলাইন ক্লাস নিয়মিত গ্রহণ করা হয় কি/না | : | |
| ৬ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদের মোবাইল ফোনে দিক নির্দেশনা দেন কি/না | : | |
| ৭ | অনলাইনে ক্লাস গ্রহণের ধরন: ওয়েবসাইট/জুম/গুগল ক্লাসরুম/ হোয়াটস অ্যাপ/মেসেঞ্জার/ ফেসবুক/অন্যান্য (উল্লেখ করুন) | : | |
| ৮ | প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রতি সপ্তাহে প্রত্যেক শ্রেণিতে বিষয়ভিত্তিক গৃহীত মোট ক্লাসের সংখ্যা (প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করা যাবে) | : | |
| ৯ | প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রতি সপ্তাহে প্রত্যেক শ্রেণিতে গৃহীত মোট অনলাইন ক্লাসের সংখ্যা | : | |
| ১০ | অনলাইন ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতির হার কত? | : | |
| ১১ | সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মচারী নিয়মিত উপস্থিত থাকেন কি/না | : | |
| ১২ | বিভিন্ন ল্যাবরেটরির যন্ত্রপাতি, কম্পিউটার ল্যাবসহ অন্যান্য কম্পিউটারসমূহ নিয়মিত চালু ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় কি/না | : | |
| ১৩ | কার্যকর মাল্টিমিডিয়ার সংখ্যা ও মাল্টিমিডিয়া ক্লাশরুমগুলো পরিষ্কার রাখা এবং ডিভাইসগুলো নিয়মিত সচল রাখা হয় কি/না | : | |
| ১৪ | কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/শিক্ষার্থী করোনায় আক্রান্ত বা মৃত্যবরণ করেছেন কি/না (বিবরণ) | : | |
| ১৫ | শিক্ষার্থীরা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন ক্লাসে অংশগ্রহণ করে কি/না | : | |
| ১৬ | শিক্ষার্থীরা সংসদ টেলিভিশনে প্রচারিত পাঠদান কার্যক্রম দেখে কি/না | : | |
| ১৭ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকের সাথে আলোচনা করেছেন কি/না, কত তারিখে? | : | |
| ১৮ | আঞ্চলিক সভা হয়েছে কি/না, কত তারিখে? | : | |
| ১৯ | আঞ্চলিক সভার ১ সপ্তাহের মধ্যে প্রতিষ্ঠান প্রধান তাঁর সহকর্মীদের নিয়ে অনলাইন সভা/স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাৎ সভা করেছেন কি/না, কত তারিখে? | : | |
| ২০ | প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট অভিভাবকদের সাথে অনলাইন সভা করেছেন কি/না, কত তারিখে? | : | |
| ২১ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষক-কর্মচারী, ও ছাত্র প্রতিনিধির (স্টুডেন্ট কেবিনেট, স্কাউট, কাব, হলদে পাখি, বিএনসিসি, গার্ল গাইডস্, রেড ক্রিসেন্ট, রোভার স্কাউট, গার্লস ইন রোভার ও অন্যান্য) সাথে মত বিনিময় সভা করেছেন কি না, কত তারিখে? | : | |
| ২২ | পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতা বিষয়ক মন্তব্য | : | |

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
ও তারিখ (সিলসহ)

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর, তারিখ
ও মোবাইল নম্বর (সিলসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd

## করোনাকালীন পরিদর্শন তথ্য ছক

## অফিস সংক্রান্ত তথ্য

অফিসের নাম :

অফিস প্রধানের নাম ও পদবী :

মুঠোফোন নম্বর ও ই-মেইল :

অফিসের মোট কর্মকর্তার সংখ্যা :

উপস্থিত কর্মকর্তার সংখ্যা :

অননুমোদিত অনুপস্থিত কর্মকর্তার সংখ্যা (নাম ও পদবীসহ তালিকা প্রদান করুন) :

অফিসের মোট কর্মচারীর সংখ্যা :

উপস্থিত কর্মচারীর সংখ্যা :

অননুমোদিত অনুপস্থিত কর্মচারীর সংখ্যা (নাম ও পদবীসহ তালিকা প্রদান করুন) :

কোন কর্মকর্তা/কর্মচারী করোনা আক্রান্ত বা করোনায় মৃত্যুবরণ করেছেন কি/না (বিবরণ) :

পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রতিষ্ঠান পরিচ্ছন্নতা বিষয়ক মন্তব্য :

অফিস প্রধানের স্বাক্ষর
ও তারিখ (সিলসহ)

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর, তারিখ
ও মোবাইল নম্বর (সিলসহ)